গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.১৫.০০৫.০৪ ( ৫ম খন্ড)-২৪ তারিখঃ ২৬.০১.২০১৭ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
সিজিএ ভবন , সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন কক্সবাজার জেলার "পেকুয়া ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ২০ (বিশ)টি পদের মধ্যে অবশিষ্ট (২০-১৪)=০৬টি পদ জনবলসহ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত বেতন স্কেল নির্ধারণ সংক্রান্ত।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭.০২.২০১৩খ্রি: তারিখের ০৫.১৫৯.০১৫.৪৫.০০.০৪৭.২০১০-৭৪ সংখ্যক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-এর ১৩.০১.২০১৩খ্রি: তারিখের অম/অবি/বা-৪/৫-২৭(২১)/২০০৫-৭৩ সংখ্যক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০২.০৮.২০১৬ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.০১৮.১২-৮৩ সংখ্যক স্মারক একই নম্বর ও একই তারিখের স্থলাভিষিক্ত সমুহের সম্মতির প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন কক্সবাজার জেলার পেকুয়া ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্পের নিম্নবর্ণিত ০৬(ছয়)টি পদের জনবলসহ পদ রাজস্বখাতে স্থানান্তরে পদসমূহের বেতন/সাকুল্য বেতন নির্ধারণে নিম্নরুপ শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। পদসমূহের বিবরণ নিম্নরুপ:

| ক্র: নং | পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রনালয় কর্তৃক প্রস্তাবিত স্কেল (জা:বে:স্কেল:-০৯) | অর্থ বিভাগ কর্তৃক সুপারিশকৃত বেতন স্কেল বেতন/সাকুল্য বেতন(জা:বে:স্কেল:-২০১৫) | খসড়া নিয়োগ বিধি মোতাবেক যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | গাড়ী চালক ০১(এক)টি | টা: ৪৯০০-১০৪৫০/-(নির্ধারিত) (১৬নং স্কেল) | টা: ৯৭০০-২৩৪৯০/- (নির্ধারিত) (১৫নং স্কেল) | ৮ম শ্রেণী পাশ এবং হেভী গাড়ী চালনোর বৈধ লাইনসেন্সধারী হতে হবে। |
| ২ | ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট ০১(এক)টি | টা: ৪১০০-৭৭৪০/- (২০ নং স্কেল) | টা: ৮২৫০-২০০১০/- (২০ নং স্কেল) | এস এস সি পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩ | বাবুর্চি/সহকারী বাবুর্চি ০২(দুই)টি | টা: ৪১০০-৭৭৪০/- (২০ নং স্কেল) | টা: ৮২৫০-২০০১০/- (২০ নং স্কেল) | ৮ম শ্রেণী পাশ হতে হবে এবং অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪ | পরিচ্ছন্নতা কর্মী ০২(দুই)টি | টা: ৪১০০-৭৭৪০/- (২০ নং স্কেল) | টা: ৮২৫০-২০০১০/- (২০ নং স্কেল) | ৮ম শ্রেণী পাশ হতে হবে এবং অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলী :

ক. উপরের ছকের ৪নং কলামে সুপারিশকৃত বেতন স্কেল/সাকুল্য বেতন ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতায় কার্যকর হবে;

খ. এতদসংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের শর্তাবলী প্রতিপালন করতে হবে এবং জারিকৃত সরকারী আদেশ (জি,ও) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে;

গ. সুপারিশকৃত ৪র্থ শ্রেণীর পদগুলোর মধ্যে পদ মৃত্যু, অবসরজনিত বা অন্য কোন কারণে কোন পদ শূন্য হলে Outsourcing এর মাধ্যমে সে পদ পূরণ করতে হবে;

ঘ. এ বিষয়ে বিদ্যমান বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং

ঙ. উল্লেখিত ০৬টি পদে অব্যাহতভাবে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ প্রকল্প সমাপ্তির পরদিন অর্থাৎ ০১.০৭.১৯৯৮খ্রি: তারিখ হতে যে সময় পর্যন্ত "এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী (ইএসডি)" প্রকল্প থেকে বেতন-ভাতাদি পেয়েছেন সে সময়ের জন্য কোন বর্ধিত ইনক্রিমেন্ট কিংবা অন্য কোন বেতন-ভাতাদির বকেয়া প্রাপ্য হবেন না।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০২। এ আদেশ জারীর পূর্বে এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণসহ আবশ্যিক সকল অনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

০৩। উল্লেখিত পদসমূহের ব্যয় স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ হবে।

০৪। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা কর্তৃক ১৮.০৮.২০১৬ খ্রি: তারিখে জারিকৃত ৪৫.০০.০০০০.১৭২.১৫.০০৫.০৪. (৫ম খন্ড)-৩৮৪ সংখ্যক অফিস আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৭২.১৫.০০৫.০৪ ( ৫ম খন্ড)-২৪/১(৪) তারিখঃ ২৬.০১.২০১৭খ্রিঃ

অনুলিপি ৪(চার) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা-এর বরাবরে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা- ৬) প্রেরণ করা হলো।

(হাসান মাহমুদ)
উপসচিব

নং- তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬) এর সম্মতি রয়েছে।

উপ-সচিব
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ৪৫.০০.০০০০.১৭২.১৫.০০৫.০৪ ( ৫ম খন্ড)-২৪/১(১৫) তারিখঃ ২৬.০১.২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক, এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, (প্রশাসন/ অর্থ/ হাসপাতাল ও ক্লিনিক সমূহ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপ-সচিব (বাজেট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিভিল সার্জন, কক্সবাজার।
০৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পেকুয়া, কক্সবাজার।
১২। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(হাসান মাহমুদ)
উপসচিব